

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

পরিবেশ শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৪৯-আইন/২০১৭।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর—

- (১) “(ক) সবুজ শ্রেণী” শিরোনামের ক্রমিক নং ২৩ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৩ ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৪, ২৫, ২৬, ২৭ ও ২৮ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

“২৩। সিএনজি/অটোগ্যাস ফিলিং স্টেশন।

২৪। সৌর বিদ্যুৎ কেন্দ্র (উৎপাদন ক্ষমতা ৫০ কিলোওয়াট হইতে ১ মেগাওয়াট পর্যন্ত)।

২৫। হিমাগার।

২৬। জৈব সার (Bio Fertilizer)।

২৭। বরফ কল।

২৮। এলপিগি বোটলিং প্ল্যান্ট।”;

(১৮০৬৫)

মূল্য : টাকা ৪.০০

- (২) “(খ) কমলা-ক শ্রেণী” শিরোনামের ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৭ ও ২৮ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

“২৭। আবাসিক ও বাণিজ্যিক ভবনে জেনারেটর স্থাপন (১০০ কেভিএ বা তদুর্ধ্ব)।

২৮। এলপিগি সিলিভার তৈরী।”;

- (৩) “(গ) কমলা-খ শ্রেণী” শিরোনামের ক্রমিক নং ৪৮ এর বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত হইবে;

- (৪) “(গ) কমলা-খ শ্রেণী” শিরোনামের ক্রমিক নং ৬৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৭০ ও ৭১ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

“৭০। সৌর বিদ্যুৎ কেন্দ্র (উৎপাদন ক্ষমতা ১ মেগাওয়াটের উর্ধ্ব)।

৭১। বিদ্যুৎ সঞ্চালন লাইন (৫০ কিলোমিটারের উর্ধ্ব)।”; এবং

- (৫) “(ঘ) লাল শ্রেণী” শিরোনামের ক্রমিক নং ৬৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৭০, ৭১ ও ৭২ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

“৭০। কেন্দ্রীয় শিল্প বর্জ্য পরিশোধনাগার (CETP)।

৭১। এনএলজি টার্মিনাল/পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট।

৭২। তেল ও গ্যাস সেপারেশন, প্রক্রিয়াজাতকরণ/রিফাইনারিসহ হ্যাভলিং ও স্টোরেজ ফ্যাসিলিটি নির্মাণ।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসতিয়াক আহমদ

সচিব।